যুগান্তর

25 MAY 2017



পবিত্র রমজান মাসে ক্লাস বন্ধ রাখার দাবিতে বুধবার বুয়েটের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেয় শিক্ষার্থীরা যুগান্তর

# রমজানে ক্লাস-পরীক্ষা বন্ধের দাবিতে বুয়েট শিক্ষার্থীদের ক্লাস বর্জন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

রমজানে ক্লাস-পরীক্ষা বন্ধ রাখার দাবিতে আন্দোলনে নেমেছেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষার্থীরা। দাবি আদায়ে তারা বুধবার ক্লাস-পরীক্ষা বর্জন করেন এবং বুয়েট ক্যাম্পাসের প্রধান ফটকে অবস্থান নেন। বিকালে শেষ হয় অবস্থান কর্মসূচি।

আন্দোলনের বিষয়ে বুয়েটের যন্ত্রকৌশল বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ কনক যুগান্তরকে বলেন, রমজানে ২ সপ্তাহ ক্লাস নেয়ার কথা। কিন্তু প্রচণ্ড গরমে রোজা রেখে এত চাপ নেয়া সম্ভব নয়। আর সেমিস্টার শেষের দিকে হওয়ায় পড়াশোনার চাপও বেশি। সে কারণেই আমরা দাবি জানিয়েছি, যাতে ক্লাস-পরীক্ষা রমজানের পরে নেয়া হয়। সেজন্যই শিক্ষার্থীরা ক্লাস বর্জন করেছেন। তিনি আরও বলেন, ভিসি স্যার দেশের বাইরে আছেন। আশা করছি. তিনি দেশে এলে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন। এ বিষয়ে বুয়েটের রেজিস্ট্রার অধ্যাপক ড. এনএম গোলাম জাকারিয়া যুগান্তরকে বলেন, এখন পর্যন্ত আগের সিদ্ধান্তই বহাল আছে। সিদ্ধান্ত পরিবর্তনের বিষয়ে আমরা কোনো চিন্তা এখনও করিনি। একাডেমিক কাউন্সিলের মিটিংয়েও বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। সেখানেও একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী রমজানে ২ সপ্তাহ ক্লাস নেয়ার সিদ্ধান্ত বহাল রাখা হয়েছে।

তিনি বলেন, আসলে এখানে বিষয়টি শুধু ২ সপ্তাহের নয়। ব্যাপারটি হল, যদি রমজানে ২ সপ্তাহ ক্লাস নেয়া না হয়, তাহলে আমরা অনেক পিছিয়ে যাব। ফলে শিক্ষার্থীদের কথা চিন্তা করে এবং সার্বিক শিক্ষা কার্যক্রম গতিশীল রাখতে আমরা এখন পর্যন্ত আগের সিদ্ধান্তই বহাল রেখেছি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে